

Prime Minister to deliver Keynote address at the 5th edition of VivaTech on June 16, 2021

June 15, 2021

পঞ্চম ভিভা টেক সম্মেলনে প্রধানমন্ত্রী ১৬ই জুন মূল ভাষণ দেবেন

জুন 15,2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৬ জুন বিকেল ৪টের সময় পঞ্চম ভিভা টেক সম্মেলনে মূল ভাষণ দেবেন। ২০২১এর ভিভা টেক সম্মেলনে সম্মানিত অতিথি হিসেবে প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়েছে।

এই অনুষ্ঠানে ফরাসী রাষ্ট্রপতি মিঃ ইমানুয়েল ম্যাক্রোঁ, স্পেনের প্রধানমন্ত্রী মিঃ পেড্রো স্যানচেজ এবং বিভিন্ন ইউরোপীয় রাষ্ট্রের মন্ত্রী ও সাংসদরা বক্তব্য রাখবেন। এছাড়াও অ্যাপেলের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মিঃ টিম কক, ফেসবুকের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ও চেয়ারম্যান মিঃ মার্ক জুকেরবার্গ এবং মাইক্রোসফ্টের সভাপতি মিঃ ব্রাড স্মিথ সহ কর্পোরেট জগতের বিশিষ্ট ব্যক্তির এই সম্মেলনে উপস্থিত থাকবেন।

প্যারিসে ২০১৬ সাল থেকে প্রতি বছর ভিভা টেক সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। এটি ইউরোপের সব থেকে বড় ডিজিটাল ও স্টার্ট আপ সংস্থাগুলির অনুষ্ঠান। বিখ্যাত বিজ্ঞাপন ও বিপণন সংস্থা 'পাবলিসিস গ্রুপে' এবং অগ্রণী ফরাসী সংবাদ মাধ্যম 'ল্যা ইকোস' যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে থাকে। এখানে বিভিন্ন সম্মেলন, পুরস্কার বিতরণ, প্যানেল আলোচনা এবং স্টার্ট আপ বা নতুন উদ্যোগের সংস্থাগুলির মধ্যে প্রতিযোগিতার ব্যবস্থা করা হয়। প্রযুক্তি উদ্ভাবন ও নতুন উদ্যোগের সংস্থাগুলির সঙ্গে যুক্ত ব্যক্তির এতে অংশগ্রহণ করে থাকেন। পঞ্চম ভিভা টেক সম্মেলন ১৬-১৯শে জুন অনুষ্ঠিত হবে।

নিউ দিল্লি

জুন 15,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.